# Times Today BD

রেজাউল করিম লিটন | দেশজুড়ে | 20 June, 2025

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার কেশবপুর গ্রামে সেনাবাহিনী ও পুলিশের যৌথ অভিযান চালিয়ে আগ্নেয়াস্ত্র, গুলি, দেশী ধারালো অস্ত্র ও নগদ টাকাসহ জাদু (৪৬) নামের এক অস্ত্র ব্যবসায়ীকে আটক করেছে।আটক জাদু ওই গ্রামের মরহুম দেলবার মণ্ডলের ছেলে।

বৃহস্পতিবার (১৯ জুন) গভীর রাতে চুয়াডাঙ্গার হারদী সেনা ক্যাম্পের সদস্যরা ও পুলিশ জাদুর বাড়ীতে অভিযান চালিয়ে সেখান থেকে ১টি বিদেশী আগ্নেয়াস্ত্র, ৪ রাউন্ড গুলি, ৫টি দেশী ধারালো অস্ত্র, ১টি মোবাইল ফোন সেট ও বিপুল পরিমাণ নগদ টাকা উদ্ধার করে।

সেনাবাহিনী ক্যাম্প সূত্রে জানা যায়, দীর্ঘদিন ধরে জাদু চুয়াডাঙ্গার সীমান্তবর্তী এলাকায় অবৈধ অস্ত্র ব্যবসা ও নানা অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িত থাকায় তার ওপর গোয়েন্দা নজরদারী ছিল।গোপন তথ্যের ভিত্তিতে তাকে আটক করা হলে প্রাথমিক জিজ্ঞাসাবাদে  অস্ত্র রাখার বিষয়টি স্বীকার করে।

এদিকে অভিযানের খবর ছড়িয়ে পড়লে এলাকায় চাঞ্চল্য সৃষ্টি হয়।স্থানীয়রা সেনাবাহিনী ও পুলিশের যৌথ এ অভিযানে সন্তোষ প্রকাশ করে বলেন, দীর্ঘদিন ধরে এলাকায় চুরি, ছিনতাই ও চাঁদাবাজির মতো অপরাধমূলক কর্মকাণ্ড বেড়ে গেছে।সেনাবাহিনীর এমন পদক্ষেপে সাধারণ মানুষ আশার আলো দেখছে।তারা বলেছেন, চুয়াডাঙ্গা জেলার সীমান্তবর্তী অঞ্চলগুলোতে দীর্ঘদিন ধরে মাদক ও অস্ত্র চোরাচালানের অভিযোগ রয়েছে।আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর তৎপরতায় এসব অপরাধ দমন করা সম্ভব হবে।

আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ  মাসুদুর রহমান বলেন, সেনাবাহিনী জাদু নামে একজনকে আটক করে থানায় হস্তান্তর করেছে।তার বিরুদ্ধে অস্ত্র আইনে মামলা রুজু করা হয়েছে।

সেনা অভিযান অস্ত্র ব্যবসায়ী আটক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 21 June, 2025 03:31

URL: https://timestodaybd.com/across-the-country/7758073513